

মুগ্ধত্ব

বুয়েটে ছাত্রলীগের কর্মসূচি, শিক্ষার্থীদের বিক্ষেপ

যুগান্তর প্রতিবেদন

১৩ আগস্ট ২০২২, ২২:০৫:১৪ | অনলাইন সংক্রান্ত



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ডের পর ক্যাম্পাসে ছাত্রাজনীতি নিষিদ্ধ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কিন্তু শনিবার ছাত্রলীগের সাবেক নেতাকর্মীরা রাজনৈতিক ব্যানারে একটি কর্মসূচির আয়োজন করে। এ নিয়ে বুয়েট শিক্ষার্থীদের তোপের মুখে পড়েন আলোচনা সভায় অংশগ্রহণকারীরা।

রাজনৈতিক কর্মসূচির প্রতিবাদে সাধারণ শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষেপ করেন। রাত সাড়ে ৮টা পর্যন্ত এই রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসের ক্যাফেটেরিয়ার সামনে জড়ো হয়েছেন শত শত শিক্ষার্থী।

ক্যাম্পাসে ছাত্রাজনীতি নিষিদ্ধের পরও এই কর্মসূচি আয়োজনে অনুমতি কীভাবে পেল- তা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে জানতে চেয়েছেন বিশ্বুন্ধ সাধারণ শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা জানান, শনিবার বিকাল ৫টায় বুয়েট ক্যাফেটেরিয়াতে ছাত্রলীগের বুয়েট শাখার

শিক্ষার্থীরা জানান, আবরার ফাহাদ হত্যাকাণ্ডের পর গত দুই বছরে শোক দিবসে দোয়া মাহফিলের আয়োজন করেছিল বুয়েট কর্তৃপক্ষ। সেখানে সাধারণ শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত সমর্থন এবং অংশগ্রহণও ছিল। কিন্তু এবার ক্যাম্পাসে ছাত্রলীগের ব্যানারে অনুষ্ঠান হওয়ায় তা সাধারণ শিক্ষার্থীরা মেনে নিতে পারছে না।

সাবেক ওই ছাত্রলীগ নেতা বলেন, ‘আমরা জানি বুয়েটে ছাত্ররাজনীতি নিষিদ্ধ। আমাদের প্রোগ্রামে ছাত্রলীগের কোনো শিক্ষার্থী ছিল না। সবাই সত্ত্ব-আশির দশকের নেতারা ছিল। আমরা সবাই সাবেক।’

এ বিষয়ে বুয়েটের ছাত্রকল্যাণ পরিচালক (ডি এস ড্রিউ) অধ্যাপক মিজানুর রহমান বলেন, অনুমতি নেওয়ার সময় তারা জানিয়েছে, তারা সাবেক শিক্ষার্থী, পুনর্মিলনী করবে ক্যাম্পাসে। সে কারণে আমরা অনুমতি দেই। কিন্তু তারা বুয়েট ছাত্রলীগের সাবেক নেতাদের ব্যানারে প্রোগ্রাম করতে গেলে শিক্ষার্থীরা বাধা দেয়।



বুয়েটে তোপের মুখে ছাত্রলীগের সাবেক নেতারা

Jugantor Live · Follow

Share

Facebook Watch

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2022